

# Prime Minister Shri Narendra Modi speaks on phone with His Excellency Yoon Suk-yeol, President-elect of the Republic of Korea

March 17, 2022

---

## কোরিয়া প্রজাতন্ত্রের নির্বাচিত রাষ্ট্রপতি ইউন সুক ইওল - এর সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে বার্তালাপ

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কোরিয়া প্রজাতন্ত্রের নির্বাচিত রাষ্ট্রপতি ইউন সুক ইওল - এর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

প্রধানমন্ত্রী কোরিয়া প্রজাতন্ত্রে সাম্প্রতিক রাষ্ট্রপতি নির্বাচনে পুনরায় জয়লাভের জন্য ইউন'কে অভিনন্দন জানিয়েছেন।

বর্তমান বিশ্বের প্রেক্ষাপটে ভারত ও কোরিয়া বিশেষ কৌশলগত অংশীদারিত্বকে আরও প্রসারিত ও নিবিড় করার গুরুত্বের বিষয়ে উভয় নেতাই সহমত হয়েছেন। তাঁরা দ্বিপাক্ষিক সহযোগিতার সম্ভাবনায় গতি আনতে প্রস্তাবিত বিভিন্ন ক্ষেত্র নিয়ে আলোচনা করেন এবং এই লক্ষ্যে একসঙ্গে কাজ করতে সম্মত হন।

উভয় নেতাই আগামী বছর ভারত ও কোরিয়া প্রজাতন্ত্রের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী যৌথভাবে উদযাপন করার বিষয়ে তাঁদের আগ্রহের কথা জানান।

ইউন'কে যত দ্রুত সম্ভব ভারত সফরে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী।

নতুন দিল্লী

মার্চ 17, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.